রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/০৪ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ০৭/মূসক/২০২১—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৯/মূসক/২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২ এর দফা (খ) এর ক্রমিক নং:১. নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১. EFD এর মত বিক্রয় চালান মুদ্রণের ব্যবস্থা থাকিতে হইবে এবং অনুরূপ চালান ব্যতীত ভিন্ন কোন চালান, যেমন: কথিত সেটেলম্যান্ট বা খসড়া চালান ইস্যু করা যাইবে না;" এবং

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২ এর দফা (গ) এর ক্রমিক নং: ৬. নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬. সরবরাহকৃত পণ্য বা সেবার বিবরণ, পরিমাণ, একক মূল্য (মূসক বা প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্কসহ), মোট মূল্য (মূসক বা প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্কসহ), মূসক বা প্রযোজ্য ক্ষেত্রে মূসক ও সম্পূরক শুল্কের হার ও পরিমাণ যেই ক্ষেত্রে সকল মূল্য বাংলাদেশী টাকায় প্রদর্শিত হইবে;"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন

প্রথম সচিব (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৪৯৯৭)
মূল্য : টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com